গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন

রাবার বিভাগ
টাংগাইল-শেরপুর জোন, মধুপুর, টাংগাইল।
www.rdmadhupur.bfidc.gov.bd



রাবার কাঠ শক্ত, টেকসই ও উন্নতমানের। আপনিও রাবার কাঠের আসবাবপত্র ব্যবহার করুন।

সার্কুলার

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, সেপ্টম্বর/২০২৬ হইতে উৎপাদনের ভরা মৌসুম শুরু হতে যাচ্ছে। ২০২৬-২৭ অর্থ বছরের শতভাগ উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে এবং উৎপাদনের বৃহত্তর স্বার্থে নিম্নোক্ত নির্দেশনা বাস্তবায়নের জন্যে বলা হইল।

১। উৎপাদনের স্বার্থে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের সকল প্রকার ছুটি ভোগ হইতে বিরত থাকার জন্য অনুরোধ করা হইল। উল্লেখ্য যে, অতীব জরুরী কাজের জন্য ছুটির প্রয়োজন হইলে নিম্নস্বাক্ষরকারীর সহিত আলোচনা স্বাপেক্ষে ছুটি বিবেচনা করা যাইতে পারে।

২। রাবারের মূল্য বৃদ্ধি পাওয়ায় চুরির প্রবণতা বৃদ্ধি পাইবে এজন্য সংশ্লিষ্ট ব্লকের টিএস ও টেপারদের সমন্বয়ে টহল কমিটি গঠন করিতে হইবে এবং চুরি প্রতিরোধে বিভিন্ন কৌশল অবলম্বন করিতে হইবে।

৩। বর্তমানে শুষ্ক মৌসুম আগত বিধায় বাগানের ডালপালা ভাঙ্গার আশংকা রহিয়াছে সেদিকে সজাগ দৃষ্টি রাখিতে হইবে।

৪। দৈনন্দিন উৎপাদন এলাকায় বিকাল হইতে সন্ধ্যা পর্যন্ত টহল জোরদার রাখার জন্য নির্দেশ দেওয়া হইল।

৫। স্থানীয় প্রশাসনের ও আইন শৃঙ্খলা বাহিনীর সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখিতে হইবে।

৬। উৎপাদন মৌসুমে সর্বোচ্চ চেষ্টা করিয়া ১০০% উৎপাদন নিশ্চিত করার জন্যে নির্দেশ দেওয়া হইল।

৭। সর্বোপরি শতভাগ উৎপাদন অর্জন, জবর দখল প্রতিরোধ ও রাবার চুরির প্রতিরোধে সর্বদা সতর্ক থাকার নির্দেশনা দেওয়া হইল।

কর্পোরেশনের বৃহত্তর স্বার্থে এ সার্কুলার জারী করা হইল।

23.08.2026

(মোহাম্মদ ইসমাইল হোসেন)
মহাব্যবস্থাপক
বিএফআইডিসি, রাবার বিভাগ
টাঙ্গাইল-শেরপুর জোন

পত্র নং রাঃবিঃমধুঃ/সং/২(১)২০২৬-২০২৭/ ৪৮৫

তারিখঃ ২৩/০৮/২০২৬ খ্রি।

সদয় অবগতির জন্য অনুলিপি :-

১। পরিচালক (পরিঃ ও উন্নয়ন), বিএফআইডিসি, সদর দপ্তর, ৭৩, মতিঝিল বাঃ/এ এলাকা ঢাকা-১০০০।
২। মহাব্যবস্থাপ (রাবার), বিএফআইডিসি, সদর দপ্তর, ৭৩, মতিঝিল বাঃ/এ এলাকা ঢাকা-১০০০।
৩। সচিব, বিএফআইডিসি, সদর দপ্তর, ৭৩, মতিঝিল বাঃ/এ এলাকা ঢাকা-১০০০।
৪। একান্ত সচিবের মাধ্যমে চেয়ারম্যান, বিএফআইডিসি, সদর দপ্তর, ৭৩, মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

কার্যার্থে অনুলিপি :-

১। ব্যবস্থাপক, বিএফআইডিসি, পীরগাছা/চাঁদপুর/সন্তোষপুর/কমলাপুর/কর্ণঝোড়া রাবার বাগান টাংগাইল/ময়মনসিংহ/শেরপুর।
২। হিসাব শাখা প্রধান, বিএফআইডিসি, রাবার বিভাগ মধুপুর, টাংগাইল।
৩। অফিস কপি।

23.08.2026

মহাব্যবস্থাপক